মেহেরপুরে স্বাধীন বাংলা বেতার কেন্দ্র স্থাপন করা হবে-জনপ্রশাসন প্রতিমন্ত্রী

মেহেরপুর পানি উন্নয়ন বোর্ড (বাপাউবো) দপ্তরের নতুন অফিসের উদ্বোধন কালে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ও জেলা আওয়ামী লীগের সভাপতি ফরহাদ হোসেন এমপি বলেন, মেহেরপুরে স্বাধীন বাংলা বেতার কেন্দ্র স্থাপন করা হবে।

অন্য দেশের তুলনায় আমরা এখন অনেক এগিয়ে যাচ্ছি। সোমবার দুপুরে শহরের বামুনপাড়া এলাকায় ভিডিও কনফারেন্সের মাধ্যমে এ অফিসের উদ্বোধন করেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি ।

জনপ্রশাসন প্রতিমন্ত্রী আরও বলেন, দুটি বাধ তৈরী করা হবে মেহেরপুর অংশে। যার ফলে বৃষ্টির পানি আমরা বেধে রাখতে পাববো। মেহেরপুর অংশে ৩০ কিলোমিটার এবং চুয়াডাঙ্গা এলাকায় ২৬ কিলোমিটার নদী খনন হবে।

উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জেলা প্রাশসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন ফরিদপুর পশ্চিমাঞ্চল বাপাউবোর অতিরিক্ত প্রধান প্রকৌশলী আবদুল হেকিম, মেহেরপুর পুলিশ সুপার এস এম মুরাদ আলি, কুষ্টিয়া পওর সার্কেলের তত্ত্ববোধায়ক প্রকৌশলী মনিরুজ্জামান, জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এমএ খালেক।

স্বাগত বক্তব্য রাখেন মেহেরপুর পানি উন্নয়ন বোর্ড (বাপাউবো)-এর নিবার্হী প্রকৌশলী শাহিনুজ্জামান।

এসময় সরকারি ও রাজনৈতিক ব্যক্তিবর্গ ও সাংবাদিকগণ উপস্থিত ছিলেন।

‘ফ্রন্টলাইন জার্নালিজম অ্যাওয়ার্ড’ পেলেন মেহেরপুরের মাসুদ রুমী

করোনা মহামারির কঠিন সময়ে সম্মুখ সারিতে দায়িত্ব পালনের জন্য ‘অ্যামচ্যাম ফ্রন্টলাইন জার্নালিজম অ্যাওয়ার্ড’ পেয়েছেন মেহেরপুরের কৃতি সন্তান কালের কণ্ঠ’র বিজনেস এডিটর মাসুদ রুমী।

তিনি মেহেরপুরের মুজিবনগর উপজেলার সোনাপুর গ্রামের কৃতি সন্তান।

মহামারির প্রাদুর্ভাবকালে সম্মুখ সারির সাংবাদিকদের কাজের স্বীকৃতি ও সম্মান জানাতে এই অ্যাওয়ার্ড দিয়েছে ‘দি আমেরিকান চেম্বার অব কমার্স ইন বাংলাদেশ’ (অ্যামচ্যাম)।

গত ৭ আগস্ট কালের কণ্ঠে প্রকাশিত ‘মেঘ কাটছে অর্থনীতির’ শীর্ষক প্রতিবেদনের জন্য তিনি এই অ্যাওয়ার্ড পেয়েছেন।

গতকাল রবিবার এক ভার্চুয়াল সংবাদ সম্মেলনে অ্যাওয়ার্ড বিজয়ীদের নাম ঘোষণা করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন। অ্যামচ্যামের সভাপতি সৈয়দ এরশাদ আহমেদের সভাপতিত্বে এবং সহসভাপতি সৈয়দ মোহাম্মদ কামালের সঞ্চালনায় অনুষ্ঠানে আরো বক্তব্য দেন ঢাকায় নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত আর্ল মিলার, মাস্টহেড পিআরের প্রতিষ্ঠাতা ও প্রধান নির্বাহী কর্মকর্তা জিয়াউদ্দিন আদিল। অনুষ্ঠানে অ্যামচ্যামের সাবেক সভাপতি, নির্বাহী কমিটির সদস্যসহ অ্যামচ্যাম ও মার্কিন দূতাবাসের ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

হরিণাকুণ্ডু উপজেলা আওয়ামী

লীগের সভাপতিসহ ৩ নেতাকে অবৈধ বহিষ্কারের প্রতিবাদে সংবাদ সম্মেলন

গত শনিবার ২৩ শে জানুয়ারি বহিষ্কার করা হয়েছে হরিণাকুণ্ডু উপজেলা আওয়ামী লীগের সভাপতি মশিউর রহমান জোয়ার্দ্দার, যুগ্ম-সাধারণ সম্পাদক অধ্যক্ষ শরিফুল ইসলাম শরিফ ও হরিণাকুণ্ডু পৌরসভার বর্তমান মেয়র আওয়ামী লীগ নেতা শাহিনুর রহমান রিন্টকেু।

বহিষ্কারের কারণ হিসেবে জেলা আওয়ামী লীগের দপ্তর সম্পাদক আছাদুজ্জামান আছাদ জানান, ৩য় ধাপে অনুষ্ঠিত হরিণাকুণ্ডু পৌরসভা নির্বাচনে আওয়ামী লীগ থেকে পৌরসভার বর্তমান কাউন্সিলর ফারুক হোসেনকে মনোনীত করা হয়েছে।

কিন্তু ওই ৩ আওয়ামী লীগ নেতা বিভিন্ন সময় আওয়ামী লীগ মনোনীত নৌকা মার্কার মেয়র প্রার্থী ফারুক হোসেনের বিরুদ্ধে নির্বাচনী প্রচারণাসহ মানববন্ধন, উস্কানীমূলক বক্তব্য, উপজেলা আওয়ামী লীগের কার্যালয়ে বসে নেতাকর্মীদের নৌকার বিরুদ্ধে কাজ করতে উৎসাহিত করে আসছে।

এ ঘটনায় মেয়র প্রার্থী ফারুক হোসেন আওয়ামী লীগের নির্বাচন পরিচালনা কমিটির কাছে অভিযোগ করে। তদন্তে অভিযোগ প্রমাণিত হওয়ায় কেন্দ্রের নির্দেশে ওই ৩ জনকে বহিষ্কার করা হয়েছে।

এই বহিষ্কার আদেশ অবৈধ সম্পূর্ণ অন্যায় এবং সংগঠনের গঠনতন্ত্রের পরিপন্থী দাবী করে গতকাল রবিবার শিতলী গ্রামে মশিউর রহমান জোয়ার্দ্দারের বাড়ীতে ১২টার দিকে এক সাংবাদিক সম্মেলনের মাধ্যমে এই দাবী করে সদ্য বহিষ্কার কৃত আওয়ামী লীগ নেতা।

এই সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলো হরিণাকুণ্ডু উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদকসহ আওয়ামী লীগের অন্যান্য নেতৃবৃন্দ।

তিনি বলেন, বাংলাদেশ আওয়ামী লীগের ৪৭ ধারার ১০ উপ-ধারায় উল্লেখ আছে কাউকে বহিষ্কার করতে হলে জেলা কমিটির সাধারণ সভায় ২/৩ সদস্যের মতামাতের ভিত্তিতে কেন্দ্রীয় কমিটিতে সুপারিশ পাঠাতে হবে। তারপর কেন্দ্রীয় কমিটি তদন্তের মাধ্যমে প্রমাণিত হলে তখন

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

ওয়াকিং ক্লাবের পক্ষ থেকে প্রতিবন্ধীকে হুইলচেয়ার প্রদান

বাংলাদেশ ওয়াকিং ক্লাব মেহেরপুর জেলা শাখার পক্ষ থেকে কাঁঠালপোতা গ্রামের প্রতিবন্ধী লালচাঁদ আলিকে হুইল চেয়ার প্রদান করা হয়েছে। গতকাল রবিবার বিকালে ক্লাবের পক্ষে সভাপতি রকিবুল ইসলামসহ সদস্যরা প্রতিবন্ধী বাড়িতে গিয়ে এ চেয়ার প্রদান করেন।

বাংলাদেশ ওয়াকিং ক্লাবের প্রতিষ্ঠাতা আতাউর রহমান নোমান স্যারকে ও ক্লাবের কেন্দ্রীয় সভাপতি ফারুক তফাদার কে এই অসহায় মানুষের পাশে থাকার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন ক্লাবের সদস্যরা। হুইল চেয়ারটি পেয়ে লালচাঁদ কান্না জড়িত কণ্ঠে সকলকে ধন্যবাদ জানান ও সবার জন্য দোয়া করেন।

এ সময় উপস্থিত ছিলেন, বাংলাদেশ ওয়াকিং ক্লাব মেহেরপুর জেলা শাখার সভাপতি রকিবুল ইসলাম, সাধারণ সম্পাদক সাকিবুর রহমান প্রতিক, সিনিয়র সহ-সভাপতি রাশিদুল হাসান মানিক যুগ্ম-সাধারণ সম্পাদক মেহেদী হাসান ও ক্লাবের অন্যন্যা সদস্যরা।

কোটচাঁদপুরে শীতার্তদের মাঝে কম্বল বিতরণ

শীতার্তদের মাঝে কম্বল বিতরণ করলেন ঝিনাইদহ সমিতি যুক্তরাজ্য। গতকাল রবিবার কোটচাঁদপুরের সলেমানপুরে এ কম্বল দেয়া হয়।

জানা যায়, ঝিনাইদহ সমিতি যুক্তরাজ্য প্রতি বছরের মত এ বছরও শীতার্তদের মাঝে কম্বল বিতরণ করেছেন। গতকাল রবিবার কোটচাঁদপুর সলেমাপুর ওসির মুন্সির প্রাথমিক বিদ্যালয় মাঠে থেকে দরিদ্র, অহায় মানুষের হাতে এ কম্বল তুলে দেন সমিতি সম্বনয়কারী কোটচাঁদপুর পৌর মহিলা কলেজের শারীরিক শিক্ষক মোমতাজুর রহমান।

এ সময় উপস্থিত ছিলেন, ৬ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর প্রার্থী

মোতালেব মল্লিক, সমাজ সেবক সাইফুর রহমান, হাফিজুর রহমান, মফিজুর রহমান, সাংবাদিক সুব্রত সরকার ও মঈন উদ্দিন খান।

এ সময় তারা ৫০ জন শীতার্ত অসহায় ও দুস্থ মানুষের হাতে কম্বল তুলে দেন।

কর্মজীবনের শেষ বিদায় নিয়ে ফেরার পথে পৃথিবী থেকেও বিদায় নিলেন শিক্ষক সদর উদ্দীন

গতকাল রবিবার ছিল কলেজ শিক্ষক সদর উদ্দিন (৬০) এর কর্মজীবনের শেষ দিন। কর্মস্থল থেকে সহকর্মীদের দেওয়া বিদায় অনুষ্ঠান শেষ করে বিকালে মটর সাইকেলযোগে বাড়ি ফিরছিলেন। তিনি গাজীর বাজার-কালীগঞ্জ সড়কের মস্তবাপুর মাঠের মধ্যে পৌঁছলে সাইকেল নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার পাশের গভীর নলকুপের পাকা সেচনালায় আঘাত করে। এ সময় তিনি মারাত্মক আহত হলে মাঠের কৃষকেরা তাকে উদ্ধার করে কালীগঞ্জ হাসপাতালে ভর্তি করেন।

পরে বিকাল সাড়ে ৩ টায় তিনি মারা যান। নিহত সদর উদ্দীনের বাড়ি ঝিনাইদহের নারিকেল বাড়িয়ার টিকারী গ্রামে। বর্তমানে তিনি ঝিনাইদহ শহরের কালিকাপুর বটতলায় পাশে বাড়ি করে বসবাস করেন। কর্মজীবনের শেষ দিনের সহকর্মীদের বিদায় নিয়ে আমাকে একা ফেলে পৃথিবী থেকেও চিরবিদায় নিয়ে চলে গেলেন। এমন আহাজারীতে হাসপাতালের বাতাস ভারী করছেন নিহতের স্ত্রী তওফিকা বেগম।

নিহতের ভাই মশিউর রহমান জানান, বাঘার পাড়া কলেজের ইসলামের ইতিহাস বিষয়ের শিক্ষক ছিলেন। তিনি। জীবনে দুইবার স্ট্রোক করেছেন। তার স্ত্রী তওফিকা বেগম একজন স্বাস্থ্যকর্মী। আর একমাত্র কন্যা সোনিয়া খাতুন আমেরিকা প্রবাসী।

কালীগঞ্জ থানার ওসি তদন্ত মতলেবুর রহমান ওই শিক্ষকের সড়কে দুর্ঘটনায় মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেছেন।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

চুয়াডাঙ্গা ভিমরুল্লা স্পোর্টিং ক্লাবের ক্রিকেট টুর্নামেন্টের ফাইনাল অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা পৌরসভার ভিমরুল্লা গ্রামের জেলখানার মাঠে ভিমরুল স্পোর্টিং ক্লাবের উদ্যোগে ক্রিকেট টুর্নামেন্টের ফাইনাল খেলা ও বিজয় খেলোয়াড়দের মাঝে পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রবিবার বিকাল ৪ টার সময় উক্ত খেলায় অংশ গ্রহণ করে উজিরপুর একাদশ ও মোহন একাদশ চুয়াডাঙ্গা। খেলায় চ্যাম্পিয়ন হয় উজিরপুর একাদশ এবং রানার্সআপ হয় মোহন একাদশ।

উক্ত ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলার সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট (নেজারত, ট্রেজারি এবং গোপনীয় শাখা) আমজাদ হোসেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা আওয়ামী যুবলীগের সাধারণ সম্পাদক জনাব মোঃ হযরত আলী, এছাড়া আরো উপস্থিত ছিলেন এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ।

আন্দুলবাড়ীয়া বহুমুখী মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের বিরুদ্ধে মানববন্ধন

জীবননগরের আন্দুলবাড়ীয়া বহুমুখী মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মমতাজ আহাম্মেদ তাজের হাত থেকে আন্দুলবাড়ীয়া বহুমুখী মাধ্যামিক বিদ্যালয় বাঁচানোর দাবীতে প্রতিবাদ, বিক্ষভ ও মানববন্ধন করেছেন আন্দুলবাড়ীয়া ছাত্র সংগ্রাম পরিষদ।

জানা গেছে আন্দুলবাড়ীয়া বহুমুখী মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষিকা নাসিমা খাতুনের কু-প্রস্তাব দেওয়ার কারণে মমতাজ আহাম্মেদ তাজের বিরুদ্ধে প্রতিবাদী বিক্ষভ ও মানববন্ধন করা হয়েছে।

আন্দুলবাড়ীয়ার সুনাম ধন্য শিক্ষা প্রতিষ্ঠান অযোগ্য প্রধান শিক্ষক মমতাজ আহাম্মেদ তাজের হাত থেকে বাচাঁনোর দাবিতে এলাকার সুশিল সমাজ, রাজনৈতিক ব্যক্তিবর্গ অভিভাবক, ছাত্র-ছাত্রী এবং বিভিন্ন শ্রেণি পেশার মানুষ উপস্থিত হয়ে মমতাজ আহাম্মেদ তাজের বিরুদ্ধে প্রতিবাদ বিক্ষোভ ও মানববন্ধন করেন।

উক্ত মানববন্ধনে বক্তারা আন্দুলবাড়ীয়া বহুমুখী মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান ফটকের সামনে দাঁড়িয়ে মানববন্ধন পালন করেন। এই মানববন্ধনের আগামী ৩১ তারিখের মধ্যে ৯ দফা দাবী দেয়া হয়েছে। বক্তারা বলেন প্রধান শিক্ষক মমতাজ আহমেদ তাজের হাত থেকে আমাদের সুনামধন্য শিক্ষা প্রতিষ্ঠান রক্ষা করতে হবে।

বক্তারা আরো বলেন বাংলাদেশ সাবেক নির্বাচন কমিশনার এই প্রতিষ্ঠানের শিক্ষা অর্জন করে বাংলাদেশের গুরুত্বপূর্ণ জায়গায় দায়িত্ব পালন করার সুযোগ পেয়েছেন। বক্তারা ম্যানেজিং কমিটিকে উদ্দেশ্য করে বলেন আপনারা ঠিকভাবে প্রতিষ্ঠানটি পরিচালনা করুন না হলে কমিটির বিরুদ্ধে আমরা আগামীতে পদক্ষেপ নিতে বাধ্য হবো।

উক্ত প্রতিবাদ ও মানববন্ধনে বক্তব্য প্রদান করেন মির্জা হাবিবুর রহমান লিট, আলতাফ হোসেন ফেলা, মনিরুজ্জামান মুক্ত, রকিবুল ইসলাম(রুবেল,) হাসিবুল ইসলাম ও মোঃ ইন্নাল হোসেন। মানববন্ধন পরিচালনা করেন মোঃ রমজান বিশ্বাস।